সংবাদ

তারিখ ...12 8 .SEP ..2015...
পৃষ্ঠা ..১০.. কলাম....2......

# বালিয়াকান্দি সমিতির ছাত্রবৃত্তি প্রদান

**প্রতিনিধি, বালিয়াকান্দি (রাজবাড়ী)**

ঢাকাস্থ বালিয়াকান্দি সমিতির আয়োজনে প্রতিবছরের ন্যায় এবারও ছাত্রবৃত্তি ও সনদপত্র প্রদান করা হয়েছে। শনিবার বিকেলে রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলা মিলনায়তন কক্ষে সমিতির সভাপতি ডিএন চ্যাটার্জির সভাপতিত্বে শাহীন আল মাসুদের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাজবাড়ী-২ আসনের সংসদ সদস্য মো. জিল্লুল হাকিম। অন্যান্যের মধ্যে মধ্যে বক্তব্য রাখেন সমিতির উপদেষ্টামণ্ডলীর সদস্য ও বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের সচিব, মো. শাহজাহান আলী মোল্লা, ড. আবু সাঈদ রেজা, বাংলাদেশ পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ড. শেখ মো. রেজাউল করিম, উপজেলা চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা নির্বাহী অফিসার কামরুল হাসান, প্রকৌশলী আসাদুজ্জামান প্রিন্স, অধ্যক্ষ গোলাম মোস্তফা প্রমুখ। এ বছর মাধ্যমিক ১১৯ জন ও উচ্চ মাধ্যমিক ৩০ জন শিক্ষার্থীর মাঝে ৫ লাখ ৩০ হাজার ৫শ' টাকা বৃত্তি প্রদান করা হয়েছে। সর্বোচ্চ ২৫ হাজার টাকা মূল্যমানের বৃত্তিটি অর্জন করে বহরপুর উচ্চ বিদ্যালয়ের ছাত্রী অনিমা ফেরদৌস বৃষ্টি। প্রধান অতিথি বলেন, ঢাকা শহরে অনেক কর্মব্যস্ততার মাঝে থেকেও ঢাকাস্থ বালিয়াকান্দি উপজেলা সমিতির নেতৃবৃন্দ ছাত্রবৃত্তির পাশাপাশি মেডিকেল ক্যাম্প, পরিবার দিবস, সামাজিক অবক্ষয় রোধের মতো বিভিন্ন গুরুত্বপূর্ণ সামাজিক ও সেবামূলক কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনা করায় গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।